১৪।

দৈনিক সংবাদ

তারিখ ... JUN 13 1999 ...
পৃষ্ঠা ৫ কলাম ২ ...

# হাজী দানেশ কলেজ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হচ্ছে

চিত্ত ঘোষ, দিনাজপুর থেকে ঃ দিনাজপুরের হাজী দানেশ কৃষি কলেজকেই বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার উপযুক্ত স্থান হিসেবে নির্বাচন করা হয়েছে। মন্ত্রী পরিষদ সচিব কাজী শামসুল আলমের নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন দল গত ৯ই জুন দিনাজপুরের বিভিন্ন স্থান পরিদর্শন করেছেন।

দেশে বিজ্ঞান ভিত্তিক শিক্ষা প্রসারে বর্তমান সরকার দেশের ১২টি পুরাতন জেলা সদরে একটি করে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণ করে। প্রথম পর্যায়ে দিনাজপুরসহ ৬টি জেলায় এ প্রকল্পের কাজ শুরু করা হবে। তারই অংশ হিসেবে মন্ত্রী পরিষদের সচিব কাজী শামসুল আলমের নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন দল গত ৮ই জুন দিনাজপুরে আসেন। স্থান নির্বাচনে দলের সদস্যরা ৯ই জুন দিনাজপুর শহর থেকে ৭ মাইল দূরে অবস্থিত হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ ও কৃষি কলেজ সংলগ্ন অনান্য স্থান পরিদর্শন করেন। পরিদর্শনশেষে দিনাজপুর কালেক্টরেট ভবনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে স্থান নির্বাচন দলের সদস্যরা স্থানীয় সুশীল সমজের সাথে এক মতবিনিময় বৈঠকে মিলিত হন। এতে আওয়ামী লীগ, জামাত, আইনজীবী সমিতি, শিল্প ও বণিক সমিতি এবং প্রেসক্লাবসহ অন্যান্য রাজনৈতিক ও সামাজিক সংগঠনের প্রতিনিধিরা অংশ নেন। মতবিনিময় অনুষ্ঠানে দিনাজপুরে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য হাজী দানেশ কৃষিকলেজই উপযুক্ত স্থান বলে সকলে ঐকমত্য পোষণ করেন। মতবিনিময় সভায় আলোচনায় স্থানীয়দের মধ্যে অংশ নেন সাবেক সাংসদ ও প্রবীণ জননেতা এম আবদুর রহিম, জেলা আওয়ামী লীগের সভাপতি আমজাদ হোসেন, জামাতের জেলা আমীর আফতাব উদ্দিন মোল্লা, সাংবাদিক কামরুল হুদা হেলাল, দিনাজপুর শিল্প ও বণিক সমিতির সিনয়র সহসভাপতি আলহাজ আবুল হোসেন পাটোয়ারি, দিনাজপুর সংবাদপত্র সম্পাদক পরিষদের আহ্বায়ক মিজানুর রহমান লুলু ও জেলা প্রশাসক আজিজুর রহমান।

সভায় মন্ত্রী পরিষদের সচিব কাজী শামসুল আলম বলেন, আবাদী জমি নষ্ট না করেই কোন অবকাঠামো গড়ে তোলা যায় কিনা, সে ব্যাপারে বর্তমান সরকার খুবই যত্নশীল। কৃষি কলেজকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হলে অবকাঠামো খাতে ব্যয় অনেকাংশে সাশ্রয় হবে। বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার স্থান নির্বাচনে কোন মহল থেকে দ্বিমত পোষণ না করায় স্থান নির্বাচন দলের পক্ষ থেকে মন্ত্রী পরিষদ সচিব দিনাজপুরবাসীকে ধন্যবাদ জানান। দলের অন্য সদস্যরা হলেন, শিক্ষা সচিব কাজী রফিক উদ্দিন আহমেদ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আমিনুল ইসলাম, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ আবদুল খালেক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সচিব সাঈদ উল্লাহ, রাজশাহী বিভাগীয় কমিশনার খান শাহাবুদ্দিন, গণপূর্ত বিভাগের প্রধান প্রকৌশলী এ. কে. এম মুকিতুর রহমান ও ফ্যাসিলিটিজ বিভাগের প্রধান প্রকৌশলী শেখ মোঃ আবদুল মান্নান। জেলা প্রশাসক আজিজুর রহমান স্থান নির্বাচন দলের সদস্যদের সর্বাত্মক সহযোগিতা প্রদান করেন।